দৈনিক জনকণ্ঠ

তারিখ : 19 AUG 2016
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬

# ইউজিসিতে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর স্মারক বক্তৃতা

জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের ওপর এক স্মারক বক্তৃতা বুধবার ইউজিসি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, সভাপতি, বোর্ড অব ট্রাস্টিজ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর অনুষ্ঠানে স্মারক বক্তা হিসেবে বক্তব্য দেন। ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। বঙ্গবন্ধুকে অবিসংবাদিত নেতা হিসেবে উল্লেখ করে তিনি বলেন, বঙ্গবন্ধু ছিলেন সমগ্র জাতির নেতা এবং তিনি দেশের মানুষের জন্য নিজের জীবন উৎসর্গ করেছিলেন। দেশ পরিচালনায় বঙ্গবন্ধু একজন সৎ, দক্ষ এবং দূরদৃষ্টিসম্পন্ন প্রশাসক ছিলেন। স্মৃতিচারণ করতে গিয়ে তিনি বলেন, বঙ্গবন্ধুর একান্ত সচিব হিসেবে কাজ করতে পারা তার জীবনের একটি উল্লেখযোগ্য ঘটনা।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম থেকে শিক্ষা নেয়ার জন্য সকলকে আহবান জানান।

প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, সদস্য, ইউজিসি, মোঃ কামাল হোসেন, সভাপতি, ইউজিসি অফিসার্স এ্যাসোসিয়েশন ও মোঃ আনোয়ার হোসেন, সভাপতি, ইউজিসি কর্মচারী ইউনিয়ন অনুষ্ঠানে বক্তব্য রাখেন। প্রফেসর ড. দিল আফরোজা বেগম, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. এম শাহ নওয়াজ আলি, সদস্য, ইউজিসি, মোঃ সামছুল আলম, সচিব (ভারপ্রাপ্ত), ইউজিসি, বিভাগীয় প্রধান এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। –বিজ্ঞপ্তি